

Frequently Asked Questions

BOOK AN
APPOINTMENT TO
GET YOUR
QUESTIONS
ANSWERED!



SCAN ME

Answered by Dr. Murji, SCHC's Preventative Health and Wellness Physician Lead

মহামারী কি শেষ হয়েছে নাকি আছে?

আমরা টিকা দেওয়ার প্রচেষ্টা, চিকিত্সা এবং জনস্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে COVID-19 নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছি এবং পরিস্থিতি গতিশীল রয়েছে। প্রযুক্তিগতভাবে COVID-19 মহামারীর "জরুরি" পর্ব শেষ হয়ে গেছে, তবে এখনও সতর্ক থাকা এবং জনস্বাস্থ্য নির্দেশিকা অনুসরণ করে চলা গুরুত্বপূর্ণ।

[Coronavirus disease \(COVID-19\) pandemic \(who.int\)](https://www.who.int/coronavirus)

আমি যদি ভ্যাকসিন নিতে না চাই? বুঁকি কি? আপনি কি ফ্লু ঋতুতে অন্যান্য অ-টিকা সংক্রান্ত সুরক্ষার পরামর্শ দেন? রোগ প্রতিরোধের একমাত্র উপায় কি ভ্যাকসিন?

টিকা না পেয়ে আপনি নিজেকে সংক্রামিত হওয়ার এবং রোগ ছড়ানোর উচ্চ বুঁকির মধ্যে ফেলেন। COVID-19-এর ক্ষেত্রে, আপনি দীর্ঘ-মেয়াদী কোভিড সিনড্রোম, গুরুতর রোগ এবং মৃত্যুর বুঁকিতে থাকবেন।

ফ্লু ঋতুতে অন্যান্য অ-টিকা সংক্রান্ত সুরক্ষার পরামর্শগুলো হলো- আপনার নিয়মিত হাত ধোয়ার অভ্যাস করা, ভাল স্বাস্থ্যবিধি বজায় রাখা, অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলা এবং জনস্বাস্থ্য নির্দেশিকা অনুসরণ করা, যেমন - জনাকীর্ণ এলাকায় মাস্ক পরা উচিত। ভ্যাকসিন একটি প্রাথমিক প্রতিরক্ষা ব্যবস্থা, কিন্তু একমাত্র উপায় নয়।

এটা কি সর্বশেষ ভ্যারিয়েন্ট থেকে রক্ষা করে?

হ্যাঁ! এই ভ্যাকসিনটি XBB.1.5 ভ্যাকসিনকে টার্গেট করে ডিজাইন করা হয়েছে। এজন্য পূর্ববর্তী (বাইভ্যালেন্ট) ভ্যাকসিনের তুলনায় এই ভ্যাকসিনটি সাম্প্রতিক ভ্যারিয়েন্ট থেকে রক্ষা করার জন্য ভাল কাজ করে।

এটা কি মনো-ভ্যালিয়েন্ট বা বাই- ভ্যালিয়েন্ট? এটা কি কোন পার্থক্য করে?

এই নতুন XBB.1.5 ভ্যাকসিনটি একচেটিয়াকাজ করে। এটি গত বছরের বুস্টারের চেয়ে আলাদা যা বাই- ভ্যালিয়েন্ট ছিল। এটি একবারে দুটি বংশকে লক্ষ্য করে। এই মুহুর্তে, বর্তমান প্রেক্ষাপটে আমরা COVID সম্পর্কে যা জানি তাহলো - একটি মনোভ্যালিয়েন্ট ভ্যাকসিন হলো সবচেয়ে উপযুক্ত ভ্যাকসিন।

পরবর্তী ভ্যাকসিন কখন নেওয়া উচিত?

হ্যাঁ! এই ভ্যাকসিনটি XBB.1.5 ভ্যাকসিনকে টার্গেট করে ডিজাইন করা হয়েছে। এজন্য পূর্ববর্তী (বাইভ্যালেন্ট) ভ্যাকসিনের তুলনায় এই ভ্যাকসিনটি সাম্প্রতিক ভ্যারিয়েন্ট থেকে রক্ষা করার জন্য ভাল কাজ করে।





ভ্যাকসিন গ্রহণের কোন দীর্ঘমেয়াদী প্রভাব আছে কি?

ভ্যাকসিন নেওয়ার মাধ্যমে, আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা অ্যান্টিবডি তৈরি করবে যা ভবিষ্যতে আপনার COVID-এর ঝুঁকি কমিয়ে দেবে। এর কোন গুরুতর নেতিবাচক পার্শ্ব প্রতিক্রিয়া নেই।

মায়োকার্ডাইটিস ভ্যাকসিনের মতো গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকি কি এখনও আছে?

মায়োকার্ডাইটিস হৃৎপিণ্ডের পেশীর একটি প্রদাহ এবং সাধারণত ভাইরাস দ্বারা সংক্রামিত হওয়ার পরে ঘটে। এই ঝুঁকি প্রধানত ১৬-২৯ বছর বয়সী যুবকদের মধ্যে দেখা যায়, এবং টিকার গ্রহণের ক্ষেত্রে এটি বিরল। বস্তুতঃ মায়োকার্ডাইটিস, টিকার তুলনায় কোভিড সংক্রমণ থেকে হওয়ার সম্ভাবনা ১৬ গুণ বেশি। এইভাবে, শেষ পর্যন্ত কোভিড-এর প্রেক্ষাপটে টিকা একজনের মায়োকার্ডাইটিসের ঝুঁকি কমায়।

ভ্যাকসিন কি কোভিড পরবর্তী সিনড্রোম (দীর্ঘ মেয়াদী COVID) প্রতিরোধ করে?

ভ্যাকসিন একাধারে গুরুতর রোগ, হাসপাতালে ভর্তি হওয়া এবং COVID থেকে মৃত্যুর ঝুঁকি কমায়। একইভাবে ভ্যাকসিন দীর্ঘ-মেয়াদী COVID সিনড্রোমের ঝুঁকিও কমায়। এটি গুরুত্বপূর্ণ এই কারণে যে, প্রত্যেকে বিশেষ করে তরুণ এবং সুস্থ লোকেরা দীর্ঘ-মেয়াদী কোভিড সিনড্রোম এড়াতে চায়। এই দীর্ঘ-মেয়াদী কোভিড সিনড্রোমের কারণে মানুষ কয়েক মাস ধরে মাথাব্যথা, ক্লান্তি, বমি বমি ভাব, মস্তিষ্কের ধোঁয়াশা এবং অন্যান্য উপসর্গে ভুগে থাকে।

কোভিড এবং ফ্লু ভ্যাকসিন কি একসাথে নেওয়া যেতে পারে?

হ্যাঁ - কোভিড এবং ফ্লু ভ্যাকসিন একসাথে নেওয়া যেতে পারে। সম্ভব হলে দু'টি ভিন্ন বাহুতে ইনজেকশন নিন।

কে ভ্যাকসিন নেওয়ার যোগ্য?

৬ মাস বা তার বেশি বয়সী যে কেউ কোভিড এবং/অথবা ফ্লু ভ্যাকসিন পেতে পারেন।

আমি কখন আমার ভ্যাকসিন পেতে পারি?

স্বাস্থ্যসেবা কর্মী, ইমিউনোকম্প্রোমাইজড এবং দীর্ঘমেয়াদী সেবাদানকারীসহ উচ্চ ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলি অক্টোবরের শুরুতে ভ্যাকসিন পেতে পারেন। অক্টোবরের শেষের দিকে সাধারণ মানুষের জন্য ভ্যাকসিন পাওয়া যাবে।

বিভিন্ন ধরনের ফ্লু ভ্যাকসিন আছে কি?

হ্যাঁ – বিভিন্ন ধরনের ফ্লু ভ্যাকসিন আছে।

আমার কোনটা নেওয়া উচিত?

যদি আপনার বয়স ৬৫ বছরের কম হয়, তাহলে স্ট্যান্ডার্ড ডোজ কোয়াড্রিভ্যালেন্ট ভ্যাকসিন (QIV) নিন, যা ফ্লুলাভাল টেট্রা এবং ফ্লুজোন কোয়াড্রিভ্যালেন্ট নামেও পরিচিত। আপনার বয়স ৬৫ বা তার বেশি হলে, উচ্চ ডোজ কোয়াড্রিভ্যালেন্ট ভ্যাকসিন (কিউআইভি-এইচডি) বেছে নিন, যা ফ্লুজোন হাই-ডোজ কোয়াড্রিভ্যালেন্ট নামেও পরিচিত।